## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



## ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন "এই যুগ অ্যাপ"



PAGE|পৃষ্ঠা- 4 [ PRICE|মূল্য- 2 ]

HOWRAH|হাওড়া ● DAILY|দৈনিক ● 12 MAY 2026 ,TUESDAY|১২ মে ২০২৬ ,মঙ্গলবার ● VOLUME|বর্ষ-6 ● ISSUE|সংখ্যা-159


# শুভেন্দু অধিকারীর মন্ত্রিসভায় দপ্তর বণ্টন শুরু



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,হাওড়া ,১১ মে :** কলকাতার ব্রিগেডে শনিবার মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ছাড়াও শপথ নেন যে পাঁচ মন্ত্রী,সোমবার পাঁচ মন্ত্রীর দপ্তর বণ্টন হলো।রাজ্য মন্ত্রিসভার দপ্তর বণ্টন শুরু হয় সোমবার থেকে । এ দিন হাওড়ার নবান্নে নব নির্বাচিত বিজেপি বিধায়কদের নিয়ে বৈঠক করেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। নবান্ন সূত্রে খবর, দিলীপ ঘোষ কে দেওয়া হয়েছে "পঞ্চায়েত, গ্রামোন্নয়ন ও প্রাণিসম্পদ উন্নয়ন দপ্তর"। অগ্নিমিত্রা পাল কে দেওয়া হয়েছে "নারী ও শিশু কল্যাণ দপ্তর ও নগরোন্নয়ন দপ্তর"। আদিবাসী বিষয়ক মন্ত্রী করা হয়েছে ক্ষুদিরাম টুডু কে। "খাদ্যদপ্তর" দেওয়া হয়েছে অশোক কীর্তনিয়ার হাতে। নিশীথ প্রামাণিকে দেওয়া হয়েছে "উত্তরবঙ্গ উন্নয়ন ও যুবকল্যাণ ও ক্রীড়াদপ্তর"।

# ট্যাঙ্কার থেকে বিয়ার তৈরির কেমিক্যাল পড়ে দুর্ঘটনা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ মে :** এক এক করে তিনটি বাইক দুর্ঘটনা ঘটলো একত্রিশ নম্বর জাতীয় সড়কের চেপানি চৌপথী এলাকায়। আর এর ফলে যানজট তৈরি হয়ে গেল জাতীয় সড়কে। ঘটনাস্থলে পৌঁছেছেন শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে জাতীয় সড়ক দিয়ে যাওয়ার সময় ট্যাঙ্কার থেকে বিয়ার তৈরির কেমিক্যাল পড়ে যায়। আর সেই কেমিক্যাল এর উপর দিয়ে যাতায়াত করতে গিয়েই তিনটি বাইক দুর্ঘটনার কবলে পড়ে। এরপরেই বারোবিশা থেকে দমকলের ইঞ্জিন এসে জাতীয় সড়ক থেকে কেমিক্যাল জল দিয়ে ধুয়ে পরিষ্কার করার কাজ শুরু হয়। গাড়িটিকে আটক করা হয়েছে ট্রাফিক পুলিশের পক্ষ থেকে। আটক করা হয়েছে গাড়ির চালককে। তবে এমন ঘটনায় জাতীয় সড়কের চেপানি চৌপথি এলাকায় উৎসুক জনতার ভীড় বেড়েছে।

# কথা দিয়ে কথা রাখলো বিজেপি সরকার ,জুন থেকে অন্নপূর্ণা ভাণ্ডার চালুর পাশাপাশি মহিলাদের জন্য সরকারি বাস পরিষেবা সম্পূর্ণ ফ্রি



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,হাওড়া ,১১ মে :** রাজ্যে বিধানসভা নির্বাচন এর আগে বিজেপি সরকার ঘোষণা করেছিলো মহিলা দের আর্থিক সাহায্য দেওয়ার জন্যে অন্নপূর্ণা ভান্ডার এর মাধ্যমে মহিলাদের ব্যাংক একাউন্টে মাসে ৩ হাজার টাকা করে দেওয়া হবে আর মহিলাদের জন্য সরকারি বাসে কোনো ভাড়া দিতে হবে না। ভোট প্রচারে এসে এমনকি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও মহিলাদের জন্য এই কথা দিয়েছিলেন।কথা দিয়ে কথা রাখলো বিজেপি সরকার।আগামী পয়লা জুন থেকে দেওয়ার হবে অন্নপূর্ণা ভাণ্ডার। মহিলাদের জন্য সরকারি বাস পরিষেবা সম্পূর্ণ ফ্রি। জুন মাস থেকে চালু হবে স্বাস্থ্যক্ষেত্রে আয়ুষ্মান ভারত প্রকল্পও। সোমবার হাওড়ার "নবান্নে" মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর মন্ত্রী সাভার বৈঠক ছিল । সেখানেই একাধিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে । বৈঠক এর পর এ দিন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, রাজ্যে আগে থেকে চালু থাকা কোনও সামাজিক প্রকল্প বন্ধ হবে না। ৩০ বছর আগের হোক কিংবা ১০ বছর আগের হোক , কোনও সামাজিক প্রকল্প বন্ধ হবে না। এদিন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এও বলেন সংবিধান মেনে সমস্ত কিছু করা হবে ।

# ইডির হাতে গ্রেপ্তার রাজ্যের প্রাক্তন দমকল মন্ত্রী সুজিত বসু



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১১ মে :** কেন্দ্রীয় এজেন্সি ইডির হাতে গ্রেপ্তার হলেন বিধাননগরের প্রাক্তন তৃণমূল বিধায়ক তথা রাজ্যের প্রাক্তন দমকল মন্ত্রী সুজিত বসু। সোমবার সকাল ১১টা নাগাদ ইডির দপ্তরে হাজিরা দিতে যান রাজ্যের প্রাক্তন দমকল মন্ত্রী সুজিতবসু । ইডির ম্যারাথন জিজ্ঞাসাবাদের পর তিনি গ্রেফতার হন। সূত্রের খবর,রাজ্যের পৌরসভা নিয়োগ দুর্নীতির মামলায় দীর্ঘ জিজ্ঞাসাবাদের পর তাঁকে গ্রেপ্তার করে ইডি। আগামীকাল মঙ্গলবার সুজিত বসু কে হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষার পর আদালতে পেশ করতে পারে কেন্দ্রীয় এজেন্সি ইডি ।যদিও এর আগে ১ মে ইডির দপ্তরে হাজিরা দিয়েছিলেন তিনি।

# ভোট গণনার ৭ দিন পরেও পঞ্চায়েত সমিতিতে তালা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ মে :** ভোট গণনার ৭ দিন পরেও আলিপুরদুয়ার দু'নম্বর পঞ্চায়েত সমিতিতে দেখা যায়নি পঞ্চায়েত সমিতির সভাপতি থেকে শুরু করে কর্মাধ্যক্ষ কিংবা পঞ্চায়েত সমিতির সদস্যদের। আতঙ্কে দিন কাটছে তাদের। গত কয়েকদিন ধরে আলিপুরদুয়ার দু'নম্বর পঞ্চায়েত সমিতি ভবন তালাবদ্ধ ছিল। সোমবার অফিসের তালা খোলা হলেও অফিসে দেখা যায়নি কোন সদস্যকে। পঞ্চায়েত সমিতির সভাপতি এর কক্ষ তালাবদ্ধ। যদিও অনেক সদস্যকে ফোন করেও পাওয়া যায়নি। সূত্রের খবর ব্যাপক পরিমাণে দুর্নীতি হয়েছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক থেকে পঞ্চায়েত সমিতির মাধ্যমে। টেন্ডার হওয়ার পরেও কাজ হয়নি কিন্তু বিল তোলা হয়ে গেছে লক্ষ লক্ষ টাকা। আর এর সঙ্গে জড়িত রয়েছেন পঞ্চায়েত সমিতির তৃণমূলের সদস্য থেকে শুরু করে আলিপুরদুয়ার ২ ব্লকের ইঞ্জিনিয়ার এবং প্রাক্তন বিডিও। দুর্নীতির চরম শিখায় পৌঁছে গিয়েছিল আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসন। শাসক দল ক্ষমতায় থাকার দরুণ নিজেদের ইচ্ছামত ঠিকাদার কে কাজ পাইয়ে দিয়েছেন এই শাসকদলের বোর্ড। নামে বেনামে কাজ করেছেন পঞ্চায়েত সমিতির সদস্যরা। রাজ্যের সরকারের পরিবর্তন হয়েছে আর এর ফলেই বিপাকে পড়ে গেছেন তৃণমূল নেতৃত্বরা। তৃণমূলের অনেক পঞ্চায়েত সদস্য থেকে পঞ্চায়েত সমিতির সদস্য কে দেখা যায় না এলাকায়। রীতিমতো কোণঠাসা হয়ে গেছেন আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের পঞ্চায়েত সমিতির অনেক সদস্য। কবে আসবেন তারা আলিপুরদুয়ার দু'নম্বর পঞ্চায়েত সমিতি দপ্তরে নাকি জামা বদলিয়ে গেরুয়া পোশাক পরিধান করেই পঞ্চায়েত সমিতিতে তারা আসবেন তাই নিয়ে জল্পনা শুরু হয়েছে সাধারণ মানুষের মধ্যে।

# রাস্তা তৈরী না হওয়ায় ক্ষোভ জনতার



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ মে :** ৩ কোটি ৬৪ লক্ষ টাকা ব্যয় করে দুটি রাস্তা তৈরির টেন্ডার হয়েছিল অনেকদিন আগেই। ইতিমধ্যেই কেটে গেছে অনেকদিন কিন্তু রাস্তা তৈরি হয়নি। তাই নিয়ে জল্পনা শুরু হয়েছে আমজনতার মধ্যে। একত্রিশ নম্বর জাতীয় সড়কের চেপানি চৌপথী থেকে শামুকতলা বাজার এবং ৩১ নম্বর জাতীয় সড়কের চেপানি হল্ট থেকে ধারসী ব্রিজ পর্যন্ত রাস্তা মেরামত করার টেন্ডার হয়ে গেছে অনেক দিন আগেই। চেপানি চৌপথী থেকে শামুকতলা পর্যন্ত রাস্তা তৈরি হলেও এখনো অন্য রাস্তাটি তৈরি হয়নি। যার ফলে মানুষের মধ্যে ক্ষোভ তৈরি হয়েছে। আগামী কয়েকদিনের মধ্যেই রাস্তা তৈরি নিয়ে আন্দোলনে নামছে আমজনতা এমনটা ইঙ্গিত পাওয়া গেছে সোমবার ওই এলাকায় গিয়ে সাধারণ মানুষের সঙ্গে কথা বলে।

# মর্গ থেকে দুর্গন্ধ ছড়াচ্ছে ,আলিপুরদুয়ার হাসপাতালে বিক্ষোভ জনতার



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ মে :** আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গ থেকে ছড়ানো তীব্র দুর্গন্ধে অতিষ্ঠ হয়ে উঠেছে হাসপাতাল চত্বর ও আশপাশের এলাকার জনজীবন। ছোট শিশু থেকে প্রবীণ— সকলেই এই দুর্গন্ধের জেরে অসুস্থ হয়ে পড়ছেন বলে অভিযোগ স্থানীয় বাসিন্দাদের। দীর্ঘদিন ধরে প্রশাসনের কাছে একাধিকবার আবেদন জানানো হলেও সমস্যার সমাধান না হওয়ায় সোমবার ক্ষোভে ফেটে পড়েন স্থানীয়রা।এদিন হাসপাতালের সুপার অফিসের সামনে বিক্ষোভে সামিল হন বহু মানুষ। তাঁদের অভিযোগ, মর্গের বর্জ্য ও পচনধরা গন্ধ এতটাই অসহনীয় হয়ে উঠেছে যে হাসপাতালের আশপাশে বসবাস করাই দায় হয়ে পড়েছে। অনেকের শ্বাসকষ্ট, বমিভাব ও নানা শারীরিক সমস্যা দেখা দিচ্ছে বলেও দাবি করা হয়েছে।বিক্ষোভকারীদের বক্তব্য, বহুবার হাসপাতাল কর্তৃপক্ষ ও প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করা হলেও কোনও স্থায়ী ব্যবস্থা নেওয়া হয়নি। ফলে বাধ্য হয়েই আন্দোলনের পথে নামতে হয়েছে। স্থানীয়দের একাংশ সরাসরি হুঁশিয়ারি দিয়ে বলেন, আগামী শনিবারের মধ্যে সমস্যার সমাধান না হলে আরও বৃহত্তর আন্দোলনে নামা হবে। এমনকি হাসপাতালের ডাক্তার ও কর্তৃপক্ষকে মর্গে তালাবন্দি করার মতো চরম পদক্ষেপও নেওয়া হতে পারে বলে হুঁশিয়ারি দেওয়া হয়।ঘটনাকে কেন্দ্র করে হাসপাতাল চত্বরে ব্যাপক উত্তেজনার সৃষ্টি হয়। যদিও হাসপাতাল কর্তৃপক্ষের পক্ষ থেকে জানানো হয়েছে, বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে এবং দ্রুত সমস্যা সমাধানের চেষ্টা করা হবে।স্থানীয়দের দাবি, শুধু আশ্বাস নয়, দ্রুত কার্যকর পদক্ষেপ নিতে হবে প্রশাসনকে। নাহলে আন্দোলন আরও তীব্র হবে বলেই স্পষ্ট জানিয়ে দিয়েছেন বিক্ষোভকারীরা। এদিকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালের সুপার পরিতোষ মন্ডল হাসপাতালে না থাকায় তার সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি।

# নাগরিক বৃন্দের কাছে আবেদন কোচবিহার শহর পৌরপতির



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,১১ মে :** ২০২৬ বিধানসভা নির্বাচনে জেলায় ৯ টি কেন্দ্রের মধ্যে বিজেপি ৮ টি আসনে জিতেছে, অবশিষ্ট একমাত্র সিতাই কেন্দ্রে জয়ী হয়েছে তৃণমূল। কিন্তু কোচবিহার দক্ষিণ কেন্দ্রের অন্তর্গত শহরের পৌরসভায় এখনও রয়েছে তৃণমূল দলের নির্বাচিত পৌরপতি দিলীপ সাহা । তিনি সাংবাদিক সম্মেলন করে জানান নির্বাচনের পর থেকে পৌরকর সংগ্রহে প্রচুর ঘাটতি দেখা দিয়েছে। এর সাথে শহরের সমস্ত নাগরিক বৃন্দের নিকট আবেদন জানান পৌরসভার আর্থিক কাঠামোকে শক্তিশালী করতে নিয়মিত ভাবে তারা যেন পৌরকর এবং ফি ( সম্পত্তি কর, মিউটেশন চার্জ, রাজস্ব প্রভৃতি ) প্রদান করেন। না হলে ক্যাজুয়াল পৌরকর্মচারীদের বেতন দিতে অসুবিধা হচ্ছে।

# বালি বোঝাই ট্রাক্টর আটক ,গ্রেপ্তার চালক




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ মে :** নদী থেকে চোরাই ভাবে বালু তুলে পাচারের পথে এক ট্রাক্টর চালককে গ্রেপ্তার করা হয়েছে। আটক করা হয়েছে বালু বোঝাই ট্রাক্টর টিকে। ৩১ নম্বর জাতীয় সড়কের চেপানি এলাকা থেকে ট্রাক্টর টিকে আটক করেছে শামুকতলা থানার পুলিশ। ট্রাক্টর চালকের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে বিভিন্ন ধারায়। সোমবার বেলা দুটা নাগাদ ট্রাক্টর চালককে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠিয়েছে পুলিশ।

# প্রচুর পরিমাণ বিয়ার উদ্ধার



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ মে :** ভুটান সীমান্ত জয়গাঁ পাশাখা রোডে একটি হোটেলে অভিযান চালিয়ে ২৭০ লিটার বিয়ার (মদ) উদ্ধার করল জয়গাঁ থানার পুলিশ এবং এই ঘটনায় হোটেল মালিককে ও গ্রেফতার করেছে পুলিশ। গতকাল রাতে ভুটান সীমান্ত পাশাখা রোডে স্থিত হোটেলে অভিযান চালায় জয়গাঁ থানার পুলিশ। এবং বিভিন্ন কোম্পানির প্রায় ২৭০ লিটার বিয়ার উদ্ধার হয়।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT “EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE” ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |